আজকের কাগজ

তারিখ 17 JUL 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

15

# প্রস্তাবিত ৫টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সাদ'ত বিশ্ববিদ্যালয় কলেজের নাম না থাকায় ছাত্র-ছাত্রীদের সংবাদ সম্মেলন

বর্তমান সরকারের প্রস্তাবিত ৫টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সাদ'ত বিশ্ববিদ্যালয়ের কলেজের নাম না থাকায় সাদ'ত বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গত ১০ জুলাই টাঙ্গাইল প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। ১৯২৬ সালে টাঙ্গাইল শহরের উপকণ্ঠে ঐতিহ্যবাহী সাদ'ত বিশ্ববিদ্যালয় কলেজটি প্রতিষ্ঠা করেন জমিদার দানবীর মোঃ ওয়াজেদ আলী খান পন্নী। প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল ইব্রাহিম খাঁ বিশ্ববিদ্যালয় কলেজটি প্রতিষ্ঠাকালীন সময়ে সার্বিক সহযোগিতা করেন। প্রায় ১৪ হাজার ছাত্র-ছাত্রী নিয়ে বঙ্গের আলীগড় নামে খ্যাত সাদ'ত বিশ্ববিদ্যালয় কলেজটি ইতিহাসের নিরব সাক্ষী। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন এনবি জামান, ফরিদ হাসান, মোঃ জিল্লুর রহমান, সেলিম জাহান প্রমুখ। বক্তারা বলেন, ৫২, ৬২, ৬৬, ৬৯, ৭০, ৭১ এবং সর্বশেষ ৯০ সালের আন্দোলনে সাদ'ত কলেজের ছাত্রদের ভূমিকা ছিলো অপরিসীম। যুক্তিসংগতভাবে দেশে যদি কোনো বিশ্ববিদ্যালয় কলেজকে বিশ্ববিদ্যালয় করতে হয় তবে সাদ'ত বিশ্ববিদ্যালয় কলেজকে করতে হবে। কেননা সরকার যমুনা সেতু প্রকল্পের কাজ শুরু করেছেন এতে করে পাবনা, নাটোর, জামালপুর, শেরপুর, মানিকগঞ্জ, গাজীপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইলসহ মোট ৮ টি জেলার ছাত্র-ছাত্রী-শিক্ষার সুযোগ পাবে। টাঙ্গাইল থেকে তুহিন খান।